আজকের কাগজ

তারিখ 29 OCT 1993
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৮ ...

### ১৫টি ছাত্র সংগঠনের দাবি

# রা. বি. শিক্ষা ও ছাত্র রাজনীতির সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে হবে

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্র শিবিরের হাতে নির্মমভাবে জুবায়ের চৌধুরী রিমু নিহত হয়। রিমু চৌধুরীর হত্যাকারী জামাত-শিবির খুনীদের গ্রেফতার না করে গত ১৬ অক্টোবর বিনা কারণে বাংলাদেশ ছাত্র ইউনিয়নের সভাপতি আলমগীর হোসেন ও ছাত্রলীগ (বাকা)-এর সভাপতি ছাত্রনেতা করিম সিকদারকে পুলিশ গ্রেফতার করে মানবতা বিরোধী অবৈধ আটকাদেশ দিয়েছে।

১৫টি ছাত্র সংগঠনের নেতারা অবিলম্বে ছাত্রনেতা আলমগীর হোসেন ও করিম সিকদারের নিঃশর্ত মুক্তি এবং জুবায়ের চৌধুরী রিমু হত্যাকারী জামাত-শিবিরের সশস্ত্র খুনিদের গ্রেফতার করে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শিক্ষা ও ছাত্র রাজনীতির সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার দাবি জানিয়েছেন। বিবৃতিদানকারী নেতারা হলেন-মঈনুদ্দিন হাসান চৌধুরী- সভাপতি বাংলাদেশ ছাত্রলীগ, রাগিব আহসান মুন্না- সভাপতি বাংলাদেশ ছাত্রমৈত্রী, মোশরেফা মিশু- সভাপতি ছাত্র ঐক্য ফোরাম, সুরঞ্জন ঘোষ- সাধারণ সম্পাদক জাতীয় ছাত্রলীগ, রাজেকুজ্জামান রতন- সাধারণ সম্পাদক সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট রাজেকু, আহাদ আহমেদ- সভাপতি বাংলাদেশ ছাত্র ফেডারেশন, নজরুল ইসলাম- আহবায়ক গণতান্ত্রিক ছাত্র কেন্দ্র, সালাহ উদ্দিন তরুন-সভাপতি গণতান্ত্রিক ছাত্রলীগ, মোঃ ইসমাইল হোসেন-সভাপতি বাংলাদেশ ছাত্র সমিতি, আবুল কালাম আজাদ বাবুল- সভাপতি বাংলাদেশ ছাত্রলীগ, আবু আসলাম মিন্টু- আহবায়ক বাংলাদেশ ছাত্র সমিতি, মোজাফফর হোসেন জাকির- আহবায়ক বাংলাদেশ ছাত্রদল, রাজু আহমেদ- আহবায়ক গণতান্ত্রিক ছাত্র কেন্দ্র, কাজী সাজ্জাদ জহির চন্দন- সাধারণ সম্পাদক বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, রুহুল কুদ্দুস বাবু- সভাপতি বাং ছাত্রলীগ (বা-কা)।